মেহেরপুরে আরও এক অনলাইন জুয়াড়ি গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব এলাকা থেকে আল সাহাব (২২) নামের আরও এক অনলাইন জুয়াড়িকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ।

আল সাহাব গাড়াডোব পুকুরপাড়ার বাসিন্দা। এ সময় তার হেফাজত থেকে একটি স্যামসাং গ্যালাক্সি এ-৫৪ ফাইভ-জি মোবাইল ফোন উদ্ধার করা হয়।

বুধবার (২০ মে) বিকেল সাড়ে ৪টার দিকে জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরীর নেতৃত্বে মেহেরপুর গাংনী থানাধীন গাড়াডোব এলাকায় অভিযান পরিচালনা করে ডিবির একটি চৌকস টিম তাকে গ্রেফতার করে। সাংবাদিকদের প্রেস রিলিজের মাধ্যমে তার গ্রেফতারের তথ্য নিশ্চিত করেন।

পুলিশ জানায়, গত শুক্রবার ও রবিবার গোপন সংবাদের ভিত্তিতে ডিবির ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরীর নেতৃত্বে মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী থানা এলাকায় অভিযান পরিচালনা করে অনলাইন জুয়া খেলা ও পরিচালনার অভিযোগে পাঁচজনকে গ্রেফতার করে মেহেরপুর ডিবি পুলিশ। এ ঘটনায় মেহেরপুর সদর ও গাংনী থানায় সাইবার সুরক্ষা আইন-২০২৬ এর আওতায় পৃথক দুটি মামলা রুজু হয়।

সেই মামলায় গ্রেফতারকৃতদের দেওয়া তথ্যের ভিত্তিতে বুধবার বিকেলে গাড়াডোব এলাকায় অভিযান চালিয়ে আল সাহাবকে একটি স্যামসাং গ্যালাক্সি এ-৫৪ ফাইভ-জি মোবাইল ফোনসহ গ্রেফতার করা হয়।

ডিবির ওসি মুহাদ্দিদ মোর্শেদ প্রেস রিলিজে জানান, সাহাবের মোবাইল ফোন প্রাথমিকভাবে বিশ্লেষণ করে অনলাইন জুয়ার চ্যানেলে লেনদেনসহ মালয়েশিয়ার মুদ্রায় বেআইনি ই-লেনদেনের তথ্য পাওয়া গেছে। এছাড়া তার মুঠোফোনে থাকা চারটি ই-মেইলে ১৩টি অনলাইন জুয়ার আইডির তথ্যও পাওয়া গেছে। গ্রেফতারকৃত সাহাবকে আদালতে পাঠানো হয়েছে।

অনলাইন জুয়াড়িদের বিরুদ্ধে মেহেরপুর ডিবি পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

বিসিবির মেহেরপুর জেলা

প্রতিনিধি নির্বাচিত হলেন

হাসিবুজ্জামান স্বপন

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) মেহেরপুর জেলা প্রতিনিধি নির্বাচিত হওয়ায় জেলা পরিষদ প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন হাসিবুজ্জামান স্বপন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, জাসাস নেতা বাকা বিল্লাহ, দীপু খানসহ স্থানীয় নেতৃবৃন্দ।

শুভেচ্ছা বিনিময়কালে তারা ক্রীড়া অঙ্গনের উন্নয়ন ও মেহেরপুরের ক্রিকেটকে আরও এগিয়ে নেওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

মেহেরপুর জেলা পরিষদের

প্রশাসককে বেসরকারি শিক্ষক-

কর্মচারী ফোরামের ফুলেল

শুভেচ্ছা

বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী ফোরাম, মেহেরপুর সদর উপজেলার পক্ষ থেকে জেলা প্রশাসক জাভেদ মাসুদ মিল্টনকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

ফোরামের মেহেরপুর সদর উপজেলা সভাপতি ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ রুহুল আমিনের নেতৃত্বে এ

শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন ফোরামের সহ-সভাপতি ও ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুর রকিব, সহ-সভাপতি আরজুল্লা রহমান বাবুল, সহকারী শিক্ষক, নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসা, সহ-সভাপতি মো. আব্দুস সালাম হীরক, প্রভাষক, এ আর বি কলেজ এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ ফজলুর রহমান, সহকারী শিক্ষক, টেংরামারী মাধ্যমিক বিদ্যালয়।

এছাড়াও সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় জেলা কমিটির সভাপতি মোহাম্মদ রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক মতিয়ার রহমান উপস্থিত ছিলেন।

অস্ট্রেলিয়ায় স্বেচ্ছাসেবী কর্মকাণ্ডে স্বীকৃতি পেলেন মেহেরপুরের মাসুম বিল্লাহ

অস্ট্রেলিয়ার নর্দান টেরিটরিতে স্বেচ্ছাসেবী ও সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে “নর্দান টেরিটরি ভলান্টিয়ার অব দ্য ইয়ার অ্যাওয়ার্ডস-২০২৬”-এ “চিফ মিনিস্টার’স ভলান্টিয়ার অব দ্য ইয়ার – সেন্ট্রাল অস্ট্রেলিয়া” ক্যাটাগরিতে মনোনীত হয়েছেন প্রবাসী বাংলাদেশি সমাজকর্মী মাসুম বিল্লাহ।

ভলান্টিয়ারিং এনটি এবং নর্দান টেরিটরি সরকারের উদ্যোগে এই সম্মানজনক মনোনয়নের ঘোষণা দেওয়া হয়। সামাজিক ও মানবিক কাজে দীর্ঘদিনের সম্পৃক্ততা, নেতৃত্ব এবং কমিউনিটির উন্নয়নে নিরলস ভূমিকার জন্য তাকে এই স্বীকৃতি প্রদান করা হয়েছে।

মাসুম বিল্লাহ সাংবাদিকতা, ব্যবসা, টকশো উপস্থাপনাসহ বিভিন্ন সামাজিক ও মানবিক কর্মকাণ্ডের সঙ্গে সক্রিয়ভাবে জড়িত। প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন উদ্যোগে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা

পালন করে আসছেন। এছাড়াও অসহায় মানুষের পাশে দাঁড়ানো, কমিউনিটি উন্নয়ন এবং স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে তার অবদান বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে।

এর আগেও তিনি অস্ট্রেলিয়ার ইমিগ্রেশন মন্ত্রী টনি বার্ক এমপির কাছ থেকে “কোভিড হিরো অ্যাওয়ার্ড” অর্জন করেন। করোনাকালে কমিউনিটির মানুষের পাশে দাঁড়িয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য তিনি এই সম্মাননা লাভ করেন।

মনোনয়ন প্রসঙ্গে মাসুম বিল্লাহ বলেন, “এই স্বীকৃতি আমার জন্য অত্যন্ত গর্ব ও সম্মানের। আমি কৃতজ্ঞ ভলান্টিয়ারিং এনটি, নর্দান টেরিটরি সরকার এবং সকল মানুষের প্রতি, যারা আমাকে সবসময় অনুপ্রেরণা ও সহযোগিতা করেছেন। এই অর্জন শুধু আমার একার নয়, এটি পুরো কমিউনিটির।”

তিনি আরও বলেন, ভবিষ্যতেও আরও বেশি নিষ্ঠা ও দায়িত্ববোধ নিয়ে সামাজিক, মানবিক ও কমিউনিটি উন্নয়নের কাজে নিজেকে নিয়োজিত রাখতে চান।

মাসুম বিল্লাহর এই অর্জনে প্রবাসী বাংলাদেশি কমিউনিটিসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ তাকে অভিনন্দন জানিয়েছেন।

মেহেরপুরে জেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ ঘোষণা

মেহেরপুরে জেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ ঘোষণা করা হয়েছে।

মঙ্গলবার প্রাথমিক শিক্ষা পদক কমিটির সভাপতি ও জেলা প্রশাসক শিল্পী রানী রায় এবং সদস্য সচিব ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র স্বাক্ষরিত এ পত্রে এ তথ্য জানা গেছে।

জেলা পর্যায়ে ১৭টি ক্যাটাগরিতে ১২টি পদের নাম ঘোষণা করা হয়েছে। শ্রেষ্ঠ হিসেবে যারা পদক পাচ্ছেন সহকারী শিক্ষক (পুরুষ) ক্যাটাগরিতে এস এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শফিকুল ইসলাম, (মহিলা) চৌগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হাফিজা আফরোজ, প্রধান শিক্ষক (পুরুষ) বুড়িপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওমর আলী, মহিলা ক্যাটাগরিতে দারিয়াপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আওয়লিয়া খাতুন, কাব শিক্ষক পুরুষ ক্যাটাগরিতে আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফারুক হোসেন, কাব শিক্ষক মহিলা ক্যাটাগরিতে মাঝপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক(চ.দা.) রুৎছবি বিশ্বাস, শ্রেষ্ঠ কর্মচারী সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের হিসাব সহকারী শেখ রাসেল, শ্রেষ্ঠ উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার গাংনীর আলাউদ্দিন, শ্রেষ্ঠ ইনস্ট্রাকটর (ইউপিইটিসি) আব্দুল মতিন, শ্রেষ্ঠ ইনস্ট্রাকটর (পিটিআই) আবুল কালাম আজাদ, শ্রেষ্ঠ বিদ্যালয় উজুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং মেহেরপুর প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটউট।

মেহেরপুরে দাবদাহে বেড়েছে তালের শাঁসের কদর

জৈষ্ঠ্যের তীব্র দাবদাহে হাঁসফাঁস করছে জনজীবন। প্রচণ্ড গরমে স্বস্তি খুঁজতে মানুষ ঝুঁকছেন মৌসুমি ফলের দিকে। আর এ সময় মেহেরপুরজুড়ে বেড়েছে তালের শাঁসের কদর। শহরের বিভিন্ন সড়ক, ফুটপাত ও বাজারে এখন জমজমাট তালের শাঁসের বেচাকেনা।

মেহেরপুর শহরের পৌরসভা সংলগ্ন এলাকা, বয়েজ স্কুলের সামনে, হোটেল বাজারসহ বিভিন্ন স্থানে সারি সারি বসেছে তালের শাঁসের অস্থায়ী দোকান। রসালো ও ঠান্ডা এ ফল কিনে খেতে দেখা যাচ্ছে নানা বয়সী মানুষকে।

পুষ্টিগুণে ভরপুর তালের শাঁসে রয়েছে ক্যালসিয়াম, ভিটামিন এ, বি ও

সিসহ নানা ধরনের খনিজ উপাদান। বিশেষজ্ঞদের মতে, এর অধিকাংশ অংশ জলীয় হওয়ায় গরমে শরীরের পানিশূন্যতা দূর করতে বেশ কার্যকর। পাশাপাশি এটি শরীরকে ঠান্ডা রাখে এবং কোষ্ঠকাঠিন্য দূর করতেও সহায়তা করে।

গরমে তালের শাঁস খেতে এসে ক্রেতা জাহাঙ্গীর আলম বলেন, “তালের শাঁস খুবই সুস্বাদু। বাইরে গরম থেকে এসে এটা খেলে শরীরটা ঠান্ডা লাগে। গরমের সময় প্রায় নিয়মিতই খাই।”

পরিবারের জন্য তালের শাঁস কিনতে আসা মো. আকাশ বলেন, “এখন বাজারে কেমিক্যাল বা ফরমালিন ছাড়া ফল পাওয়া কঠিন। কিন্তু তালের শাঁস প্রাকৃতিক ও নিরাপদ। দাম কিছুটা বেশি হলেও স্বাস্থ্যের জন্য ভালো।”

ফুটপাতের বিক্রেতা মুজিবুর রহমান জানান, দীর্ঘদিন ধরেই তিনি মৌসুমে তালের শাঁস বিক্রি করেন। আগে এক-দুই টাকায় শাঁস বিক্রি হলেও বর্তমানে প্রতি পিস ৫ থেকে ৬ টাকায় বিক্রি হচ্ছে। প্রতিদিন সব খরচ বাদ দিয়ে চার থেকে পাঁচশ টাকা লাভ থাকে বলেও জানান তিনি।

তিনি বলেন, “গরম যত বাড়ে, তালের শাঁসের চাহিদাও তত বাড়ে। গাছ থেকে তাল নামানো, বাজারে আনা, তারপর কেটে বিক্রি করা অনেক কষ্টের কাজ। তারপরও ভালো লাভ হয়।”

আরেক বিক্রেতা কামরুল ইসলাম বলেন, “প্রতিদিন ২০ থেকে ৩০ কাঁদি তাল বিক্রি হয়। কেউ নরম শাঁস পছন্দ করেন, আবার কেউ একটু শক্ত শাঁস খোঁজেন। অতিরিক্ত গরমের কারণে এবার ক্রেতাও বেশি।”

গ্রামবাংলার ঐতিহ্যবাহী এ মৌসুমি ফল শুধু স্বাদেই নয়, পুষ্টিগুণেও সমৃদ্ধ। তাই দাবদাহের এই সময়ে মেহেরপুরে তালের শাঁস হয়ে উঠেছে সাধারণ মানুষের স্বস্তির অন্যতম অনুষঙ্গ।

মেহেরপুরে মাদক সেবনের দায়ে

দুজনের জেল-জরিমানা

মেহেরপুরে মাদক সেবনের দায়ে দুজনের জেল-জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

মঙ্গলবার (১৯ মে) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় সদর উপজলের বিভিন্ন এলাকায় এ অভিযান পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. সিরাজুল ইসলাম।

অভিযানকালে শহরের কলেজপাড়া এলাকায় এক ব্যক্তিকে হেরোইন সেবন করে জনশৃঙ্খলা বিনষ্টের দায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(৫) ধারায় ১০ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

এদিকে শেখপাড়া গ্রামে আরেক ব্যক্তির কাছ থেকে ৩৯ পিস টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) ধারার সারণির ২১ অনুযায়ী তাকে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

মেহেরপুরে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের করা হয়।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতীম শীল, তাহওয়ার আকরাম সাকাফি ইবনে সাজ্জাদসহ বিভিন্ন সরকারি কর্মকর্তা ও সুধীজন।

বক্তারা বলেন, ভূমি সেবাকে আরও সহজ, দ্রুত ও জনবান্ধব করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এসময় তারা জনগণকে ভূমি সংক্রান্ত সেবা গ্রহণে সচেতন হওয়ার আহ্বান জানান।

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে মেহেরপুরে বিএনপির মতবিনিময় ও আলোচনা সভা

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে “বিএনপির অঙ্গীকার” শীর্ষক মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ আহমেদ। সভা পরিচালনা করেন পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

সভায় বক্তারা বলেন, জুলাই জাতীয় সনদ অক্ষরে অক্ষরে বাস্তবায়নে বিএনপি প্রতিশ্রুতিবদ্ধ। দেশ পরিচালনায় এ সনদের মূল চেতনাকে ধারণ করে একটি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠায় দলটি বদ্ধপরিকর।
এসময় ব্যাপক প্রচারের অংশ হিসেবে লিফলেট বিতরণ এবং নেতাকর্মীদের

বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমান আহমেদ ও ওমর ফারুক লিটন, সাবেক সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাপি, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাসসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরের কালীগাংনীতে ঘরের তালা ভেঙে টাকা চুরি

মেহেরপুর সদর উপজেলার কালীগাংনী গ্রামে দিনে-দুপুরে ঘরের তালা ভেঙে সেলিম রেজা নামের এক কৃষকের টাকা চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় টাকা চুরির সঙ্গে জড়িত সন্দেহে স্থানীয়রা রুমেল নামের এক যুবককে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেন।

তবে টাকা চুরির ঘটনার সত্যতা স্বীকার করলেও ওই যুবককে ছেড়ে দেওয়ার অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। গতকাল রোববার দুপুরে এ ঘটনা ঘটে।

কালীগাংনী মধ্যপাড়ার বাসিন্দা সেলিম রেজা জানান, কালীগাংনী গ্রামের ইকরামুলের ছেলে রুমেল, জুল্লুর ছেলে জুয়েল এবং শ্যামপুর গ্রামের আসাদুলের ছেলে আসিফ তার অনুপস্থিতিতে ঘরে প্রবেশ করে ড্রয়ারের তালা ভেঙে ৮০ হাজার টাকা নিয়ে যায়। তালা ভেঙে টাকা চুরির ঘটনা এক শিশু দেখে সেলিম রেজাকে জানায়। পরে স্থানীয়রা রুমেলকে আটক করে জিজ্ঞাসাবাদ করলে সে চুরির ঘটনা স্বীকার করে এবং ঘটনার সঙ্গে জড়িত অন্যদের নাম প্রকাশ করে।

স্থানীয়রা সদর উপজেলার বৈকুণ্ঠপুর পুলিশ ক্যাম্প ইনচার্জকে বিষয়টি অবহিত করলে ক্যাম্পের এসআই হোসেন আলী ঘটনাস্থলে এসে রুমেলকে ক্যাম্পে নিয়ে যান।

টাকা চুরির বিষয়টি স্বীকার করলেও রুমেলকে আদালতে সোপর্দ না করে

ছেড়ে দেওয়ায় হতাশা প্রকাশ করেছেন ভুক্তভোগী সেলিম রেজা ও স্থানীয়রা। এদিকে রুমেলকে আটক করে জিজ্ঞাসাবাদের একটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়েছে। ওই ভিডিওতে গ্রাম্য মাতবরদের সামনে তাকে টাকা চুরির বিষয়টি স্বীকার করতে শোনা যায়।

এ বিষয়ে বৈকুণ্ঠপুর পুলিশ ক্যাম্পের এসআই হোসেন আলীর সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলে তার ফোন বন্ধ পাওয়া যায়।